



হেলথ অ্যান্ড ওয়েলনেস এক্সপো উপলক্ষে সংবাদ সম্মেলনে বক্তব্য রাখছেন ডা. মুনাল মাহবুব -আজাদী

চট্টগ্রামে হেলথ এক্সপো শুরু ১৫ সেপ্টেম্বর

অংশ নেবে দক্ষিণ-পূর্ব এশিয়ার স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠান

আজাদী প্রতিবেদন

‘আপনার সুস্থতা, আমাদের উদ্যোগ আপনাদের উপস্থিতি আমাদের সার্থকতা’ স্লোগানে চট্টগ্রামে শুরু হচ্ছে দুদিনব্যাপী ‘হেলথ অ্যান্ড ওয়েলনেস এক্সপো-২০২২’। নগরীর রেডিসন ব্লু হোটেলের মেজবান হলে আগামী ১৫ সেপ্টেম্বর সন্ধ্যা সাড়ে খটায় এ হেলথ এক্সপোর উদ্বোধন হবে।

চলবে ১৬ সেপ্টেম্বর রাত ৮টা পর্যন্ত। দ্য বেঙ্গল চেম্বার অব কমার্স অ্যান্ড ইভাস্ট্রিজ, কলকাতা, মাটি-টা ওয়েলনেস এন্ড হসপিটালিটি এবং অ্যাপোলো হসপিটাল গ্রুপ যৌথভাবে এ এক্সপোর আয়োজক। দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার সুপরিচিত স্বাস্থ্যসেবার প্রতিষ্ঠানগুলো অংশ নেবে এক্সপোতে। গতকাল সোমবার আগ্রাবাদের ওয়ার্ল্ড ট্রেড সেন্টারের বঙবন্ধু কনফারেন্স হলে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানানো হয়।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন মাটি-টা লিমিটেডের চেয়ারম্যান ডা. মুনাল মাহবুব। এ সময় দ্য বেঙ্গল চেম্বার অব কমার্স অ্যান্ড ইভাস্ট্রিজের এসিসটেন্ট ডাইরেক্টর জেনারেল অফিস গুহ রায় চৌধুরী ও মাটি-টা লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক তাসনিম মাহমুদ উপস্থিত ছিলেন। এছাড়া কলকাতা থেকে অ্যাপোলো হসপিটাল গ্রুপের সিইও রানা দাশ গুপ্ত ভার্চুয়ালি যুক্ত হয়ে সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন। সংবাদ সম্মেলনে জানানো হয়, এক্সপোতে বাংলাদেশ, ভারত ও মালয়েশিয়ার শীর্ষ স্বাস্থ্যসেবার প্রতিষ্ঠানগুলো অংশ নেবে। দেশ-বিদেশি বিশেষজ্ঞ চিকিৎসকদের নিয়ে যৌথ টেনিং প্রোগ্রাম, রিসোর্স শেয়ারিং প্রোগ্রাম, নব্য চিকিৎসা-সেবার পরিচিতি, বিনামূল্যে স্বাস্থ্য সেবা পরামর্শ, দেশ-বিদেশের প্রখ্যাত বিশেষজ্ঞদের অংশগ্রহণে স্বাস্থ্যবিষয়ক টকশোর পাশাপাশি চিকিৎসা সেবার বিভিন্ন তথ্যের সমাহার থাকছে এই হেলথ এক্সপোতে।

এক্সপোতে দেশিয় প্রতিষ্ঠানের মধ্যে মাটি-টা ওয়েলনেস এন্ড হসপিটালিটি, জিডি এসিস্ট, নগদ, ডিএমএফআর, বায়ো-জিন, এপিক হেলথ কেয়ার, মা ও শিশু হসপিটাল এবং সার্জিক্সোপ হসপিটাল অংশ নিচ্ছে। আর ভারতের পরিষ্কারাঙ্গলান জাম্বা স্যাম্পাল সম্পিটাল চিপ জ্যাম্বানি সম্পিটালস আংগুল

PRESS CONFERENCE

WORLD TRADE CENTER CHITTAGONG
13 SEPTEMBER 2022



আন্তর্জাতিক স্বাস্থ্য-সুস্থতা মেলা-২০২২ উপলক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে বক্তব্য রাখছেন ডা. মুনাল
মাহবুব

● পূর্বকোণ

প্রথম ‘আন্তর্জাতিক স্বাস্থ্য-সুস্থতা মেলা ২০২২’ শুরু ১৫ সেপ্টেম্বর

■ দু’দিনব্যাপী মেলায় অংশগ্রহণ
করবে তিন দেশের ২৪টি শীর্ষ
স্থানীয় স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান

নিজস্ব প্রতিবেদক ■

তিন দেশের ২৪টি শীর্ষ স্থানীয় স্বাস্থ্য সেবা
প্রতিষ্ঠানের অংশগ্রহণে আগামী ১৫ সেপ্টেম্বর থেকে
শুরু হতে যাচ্ছে দু’দিনব্যাপী প্রথম ‘আন্তর্জাতিক
স্বাস্থ্য-সুস্থতা মেলা ২০২২’। ‘আপনার সুস্বাস্থ্য,
আমাদের উদ্যোগ, আপনাদের উপস্থিতি, আমাদের
স্বার্থকতা’ স্লোগানে এই মেলা নগরীর অভিজাত
হোটেল রেডিসন ব্লু’র মেজবান হলে অনুষ্ঠিত হবে।

গতকাল সোমবার দু’পুরে নগরীর আগ্রাবাদের
ওয়ার্ল্ড ট্রেড সেন্টারের বঙ্গবন্ধু কলফারেন্স হলে
মেলা পূর্ব সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান
আয়োজক প্রতিষ্ঠান মাটিটা ওয়েলনেস এন্ড হস-
পটালিটি’র চেয়ারম্যান এবং ওমেন চেয়ার অব
কমার্স এন্ড ইভাস্ট্রিজের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট
ও এফবিসিসিআই’র পরিচালক ডা. মুনাল মাহবুব।

সাংবাদ সম্মেলনে আরো উপস্থিত ছিলেন,
কলকাতা বেঙ্গল চেয়ার অব কমার্স এন্ড ইভাস্ট্রিজ’র
এসিস্টেন্ট জেনারেল সেক্রেটারি অঙ্গনা গুহ রায়
চৌধুরী এবং মাটিটা ওয়েলনেস এন্ড হসপিটালিটি’র
ব্যবস্থাপনা পরিচালক তাসনিম মাহমুদ। তিনি
আরো জানান, কলকাতা বেঙ্গল চেয়ার অব কমার্স

● ৬ষ্ঠ পৃষ্ঠার ৩য় ক.

স্বাস্থ্যমেলা

■ এই সময়: প্রতি বছরই বাংলাদেশ থেকে অগুনতি মানুষ চিকিৎসার জন্য ভারতে আসেন। তার মধ্যে সিংহভাগই চিকিৎসা করান কলকাতায়, মূলত বেসরকারি পরিষেবায়। তাই বাংলাদেশের মানুষ আরও জানতে চান এপার বাংলার স্বাস্থ্য ব্যবস্থার খুঁটিনাটি। সে জন্য চট্টগ্রামে ‘হেলথ এক্সপো’ আয়োজন করেছে কলকাতার ‘দ্য বেঙ্গল চেম্বার অফ কমার্স অ্যান্ড ইণ্ডাস্ট্রি।’ এই স্বাস্থ্য মেলা আয়োজন করতে গিয়ে তারা গাঁচড়াও বেঁধেছে কলকাতার অ্যাপোলো হাসপাতাল ও চট্টগ্রামের মাটি-টা ওয়েলনেস অ্যান্ড হসপিটালিটির সঙ্গে। বৃহস্পতি ও শুক্ৰবাৰ, দু'দিন ব্যাপী এই এক্সপোকে ঘিরে স্থানীয় মানুষের উৎসাহ ছিল দেখার মতো। ভারত, বাংলাদেশ এবং মালয়েশিয়া থেকে অনেক চিকিৎসক ও হাসপাতাল কর্তৃরা অংশগ্রহণ করেন। এক্সপোয় অংশগ্রহণ করেন কলকাতার প্রায় সব বড় বেসরকারি হাসপাতালের কর্তা ও চিকিৎসকরা। এ দিনের অনুষ্ঠানের প্রথান অতিথি, বাংলাদেশ সাংসদ এম এ লতিফ বলেন, ‘ভারতের স্বাস্থ্য পরিষেবা আমাদের দেশে প্রশংসিত। ওখানে চিকিৎসা করানো যাতায়াত ও আর্থিক সঙ্গতি, দুই দিক থেকেই সুবিধাজনক।’